

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫১]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৫০: সালাতের আযান দিলে তার হিফায়ত করা

المحافظة على الصلوات حيث ينادى بهن

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْأَصَمِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: جَاءَ أَعْمَى إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَقَالَ: إِنَّهُ لَيْسَ لِي قَائِدٌ يَقُودُنِي إِلَى الصَّلَاةِ فَسَأَلَهُ أَنْ يُرَخِّصَ لَهُ أَنْ يُصَلِّيَ فِي بَيْتِهِ فَأَذِنَ لَهُ فَلَمَّا وَلَّى دَعَاهُ قَالَ لَهُ: أَسْمَعْ النِّدَاءَ بِالصَّلَاةِ قَالَ: نَعَمْ قَالَ: فَأَجِبْ .

تخريج دارالدعوة: صحيح مسلم/المساجد ٤٣ (٦٥٣)، (تحفة الأشراف: ١٤٨٢٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 851 – صحيح

বাংলা

৮৫০. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একজন অন্ধ লোক রাসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বললেন, আমার এমন কোন পথপ্রদর্শক নেই যে, আমাকে সালাতে নিয়ে যায়। সে ব্যক্তি তাঁর কাছে নিজ ঘরে সালাত আদায় করার অনুমতি চাইলেন। তিনি (সা.) তাঁকে অনুমতি দিলেন। যখন ঐ ব্যক্তি চলে যেতে উদ্যত হলেন তখন তাকে ডেকে বললেন, তুমি কি সালাতের আযান শুনতে পাও? তিনি বললেন, হ্যাঁ। তিনি (সা.) বললেন, তাহলে তার উত্তর দাও (অর্থাৎ জামা'আতে হাজির হও)।

English

50. Regularly Attending The Prayers When The Call Is Given

It was narrated that Abu Hurairah said: A blind man came to the Messenger of Allah (ﷺ) and said: 'I do not have a guide to bring me to the prayer.' And he asked him to grant him a dispensation allowing him to pray in his house, and he gave him permission. Then when he turned away he said to him: 'Can you hear the call to prayer?' He said: 'Yes.' He said: 'Then respond to it.'

ফুটনোট

সহীহ: মুসলিম ৬৫৩, বায়হাকী'র "সুনানুল কুবরা" (৩/৫৭), ইবনু মাজাহ ৭৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87224>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন